মেহেরপুর সরকারি মহিলা কলেজের বাংলা বিভাগের দশকপূর্তি উদযাপন

মেহেরপুর সরকারি মহিলা কলেজের বাংলা বিভাগের দশকপূর্তি উদযাপন অনুষ্ঠিত হয়েছে। উপলক্ষ্যটি ঘিরে বৃহস্পতিবার (৬ নভেম্বর) কলেজ প্রাঙ্গণের জামতলায় অনুষ্ঠিত হয় আলাপচারিতা, সংগীত পরিবেশনা ও চা আড্ডা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা বিভাগের প্রধান কাজী আশরাফুল আলম। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল ওয়াদুদ, উপাধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন, ড. গাজী রহমান, মিরাজ উদ্দিন, রূপালী বিশ্বাস ও নারগিস আক্তার প্রমুখ।

দশকপূর্তি অনুষ্ঠানে বিভাগের শিক্ষার্থীরা মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করেন। সংগীত পরিবেশন করেন ফৌজিয়া আফরোজ তুলি, মোহনা, পৌলমী কুণ্ডু, ঐতিহ্য শাখারী পৃথা, অনিন্দিতা সরকারসহ বাংলা বিভাগের শিল্পীরা।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে বর্ষবরণ উদযাপন

মেহেরপুর সরকারি মহিলা কলেজে বর্ষবরণ উদযাপন অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ৯ ঘটিকার সময় মেহেরপুর সরকারি মহিলা কলেজ ক্যাম্পাসে শিক্ষক ছাত্র-ছাত্রী সকলে মিলে বাঙালির ইতিহাস ঐতিহ্য নিয়ে আলোচনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে বর্ষবরণ উদযাপিত হয়েছে।

অনুষ্ঠানের শুরুতেই মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ মহোদয়ের স্বাগত বক্তব্যর মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। এবং